

2023

বাংলা ভাষার বিভিন্ন ব্যবহারিক দিক ও সম্ভাবনা  
(SEC)

Paper Code : SEC 0102103

Time - 2 Hrs.

Full Marks - 45

*The figures in the margin indicate full marks for the question.*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৫=৫
- ক) মোটা হরফে (bold) কম্পোজ করার নির্দেশ দিতে নির্দিষ্ট অক্ষরের নিচে কোন চিহ্ন দিতে হবে?
- খ) একটি উর্ধ্বকমা বসাতে হলে মার্জিনে কীভাবে সেটা দেখাতে হবে?
- গ) 'পরিভাষার' ইংরাজী প্রতিশব্দটি কী?
- ঘ) 'পরিভাষা' শব্দের অভিধানিক অর্থটি লেখো।
- ঙ) 'সম্পাদনা' শব্দটির বুৎপত্তি কোথা থেকে হয়েছে?
- ২। সংক্ষিপ্ত উত্তর দাও : (যেকোন পাঁচটি) ২×৫=১০
- ক) হরফের মূল দুটি শ্রেণীর নাম লেখো।
- খ) প্রুফ সংশোধনের সময় প্রেসে পাণ্ডুলিপি পড়া ও সেটা শুনে সংশোধনের কাজটি কে কে করেন?
- গ) দুটি প্রান্তিক বিরামচিহ্নের নাম লেখো।
- ঘ) পরিভাষা কি?
- ঙ) বড়ো হাতের হরফ (capital letter) এবং ছোটো মাপের বড়ো হাতের হরপ (small letter) বোঝাতে প্রুফের মার্জিনে কোন দুটি চিহ্ন বসাতে হয়?
- চ) সম্পাদনা কাকে বলে?
- ছ) সম্পাদনা কত প্রকার ও কী কী?
- জ) কোনো গ্রন্থে একাধিক লেখক থাকলে সূত্রনির্দেশ সংক্ষেপ করে কী কী লেখা যায়?

- ঝ) প্রথম আবিষ্কৃত বাংলা সঞ্চালনযোগ্য হরফের আবিষ্কারতা ও বাংলা মুদ্রণের প্রথম সার্থক শিল্পী কে?
- ঞ) হরফের মাপের সঙ্গে ইউনিটের সম্পর্ক কোন শব্দ দিয়ে নির্দেশ করা হয়? হরফের আকার বোঝাতে কোন শব্দ ব্যবহৃত হয়?
- ৩। যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- ক) সম্পাদনা পদ্ধতি কি কি?
- খ) সম্পাদনা করতে সম্পাদকের কী ধরণের দক্ষতা থাকা প্রয়োজন?
- গ) প্রুফ রিডারের কাজ কী?
- ঘ) পরিভাষার বৈচিত্র্য আলোচনা করো।
- ঙ) নিম্নলিখিত পরিভাষা গুলোর বাংলা অনুচ্ছেদ করো :  
Account, Acting, Abstract Admit Card,  
Adult Education
- চ) উল্লেখ সূত্রের সংক্ষিপ্তকরণে কখন 'তদের', 'ওই', 'পূর্বোক্ত' সংকেত তিনটি লেখা হয় তা উদাহরণ দিয়ে দেখাও।
- ছ) পাঁচটি প্রুফ সংশোধন চিহ্নের ব্যবহার দেখাও।
- জ) পয়েন্ট ও মেজার সম্বন্ধে যা জানো লেখো।
- ৪। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০
- ক) হরফের বৈচিত্র্য সম্পর্কে যা জানো লেখো।
- খ) পরিভাষার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো।
- গ) প্রশ্নবোধক ও বিস্ময়বোধক চিহ্নের ব্যবহার সম্বন্ধে উদাহরণসহ আলোচনা করো।
- ঘ) নিম্নলিখিত মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত প্রুফটির ত্রুটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশিকা চিহ্নসহ উল্লেখ করো :  
মূল পাণ্ডুলিপি :

'ঝ' শব্দটির আদি অর্থ ছিল কন্যা বা মেয়ে। এখন 'ঝি' বলতে বাড়ির বেতনভোগী কাজের মেয়েকে বোঝায়। ফলে শব্দটির অর্থবিস্তার ঘটেছে - এবং একই সঙ্গে অর্থবনতিও ঘটেছে।

অসংশোধিত প্রুফ :

'ঝ' শব্দটির আদি অর্থ হল কন্যা বা মেয়ে। এখন 'ঝি' বলতে বাড়ির বেতনভোগী কাজের মেয়েকে বোঝায়। ফলে শব্দটির অর্থ বিস্তার ঘটেছে এবং একসঙ্গে অর্থবনতিও ঘটেছে।

[অসংশোধিত প্রুফটি ছবছ খাতায় লিখে ত্রুটির স্থানগুলো নির্দেশ করো ও মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও।]